বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০১২.২১.০০১.২০.২৭

তারিখ: ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: তথ্য অধিকার বিষয়ে ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মপরিকল্পনার ৩য় কোয়ার্টার অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ৩য় কোয়ার্টার (জুলাই, ২০২২ হতে মার্চ, ২০২৩) পর্যন্ত অগ্রগতি প্রতিবেদন (সংযুক্তি-১) আপনার সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের স্বার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এ পত্র প্রেরণে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

আপনার অনুগত

০৫-০৪-২০২৩
টি. এম. রাশিদুল কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ:**
উপসচিব, প্রশাসন-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০১২.২১.০০১.২০.২৭/১ (৩)

তারিখ: ২২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং
৩। প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।

০৫-০৪-২০২৩
টি. এম. রাশিদুল কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন কার্যালয়ে প্রেরণের ছক

সংস্থাঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | সূচক | সূচকের মান | লক্ষ্যমাত্রা (অসাধারন) | একক | ১ম ত্রৈমাসিকে অগ্রগতি | ২য় ত্রৈমাসিকে অগ্রগতি | অর্ধবার্ষিক অগ্রগতি (১ম+২য়) | ৩য় ত্রৈমাসিকে অগ্রগতি | ৪র্থ ত্রৈমাসিকে অগ্রগতি | বার্ষিক চূড়ান্ত অগ্রগতি | দাবীকৃত নম্বর | প্রদত্ত প্রমাণক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সক্ষমতা বৃদ্ধি | ০৬ | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | [১.১.১] নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি | ০৬ | ১০০% | % | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | | সংযোজনী-১ |
| | ১৯ | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | [১.২.১] হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশিত | ০৪ | ৩১-১২-২০২২ ও ৩০-০৬-২০২৩ | তারিখ | - | ২৯-১২-২০২২ | ২৯-১২-২০২২ | | | | | ৩০/০৬/২০২৩ তারিখের পূর্বে প্রমাণক সরবরাহ করা হবে। |
| | | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | [১.৩.১] বার্ষিক প্রতিবেদন প্রকাশিত | ০৩ | ১৫-১০-২০২২ | তারিখ | ২৯-০৯-২০২২ | - | ২৯-০৯-২০২২ | | | | | https://bwdb.gov.bd/annual-reports |
| | | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি/ হালনাগাদকরণ | [১.৪.১] তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স প্রস্তুতকৃত/ হালনাগাদকৃত | ০৩ | ৩১-১২-২০২২ | তারিখ | - | - | ৩১-১২-২০২২ | | | | | সংযোজনী-২ |
| | | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্ন | ০৪ | ৩ | কার্যক্রমের সংখ্যা | - | ১ (০১-১১-২০২২) | ১ | ২ (২৩-০২-২০২৩ এবং ২৮-০৩-২০২৩) | | | | সংযোজনী-৩ ও সংযোজনী-৪ |
| | | [১.৬] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [১.৬.১] প্রশিক্ষণ আয়োজিত | ০৩ | ৩ | প্রশিক্ষণের সংখ্যা | ২ (০৬-০৮-২০২২, ০৪-০৯-২০২২) | ২ (১৯-১০-২০২২, ২৯-১০-২০২২) | ৪ | ৪ | | | | ২য় কোয়ার্টারে প্রমাণক সরবরাহ করা হয়েছে। |
| | | [১.৭] তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নিধাৃরিত সময়ে ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশ | [১.৭.১] ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটের তথ্য অধিকার সেবাবক্সে প্রকাশিত | ০২ | ৪ | প্রতিবেদনের সংখ্যা | ১ | ১ | ২ | ১ | | | | https://www.bwdb.gov.bd/archive-category/055 |

(সৌরভ কুমার দাস)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চলতি দায়িত্ব)
প্রসেসিং পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

(টি, এম, রাশিদুল কবীর)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
প্রসেসিং পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

**সংযোজনী-১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রনালয়
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সূত্র নং: তাং:

বিষয়: তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম (তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি)-এর প্রতিবেদন ছক।

-------ছক-------

| বিবেচ্য সময়ের (অর্থবছর) মধ্যে প্রাপ্ত সর্বমোট আবেদন সংখ্যা | বিবেচ্য সময়ের মধ্যে নিষ্পত্তিযোগ্য আবেদন সংখ্যা | আবেদন সংখ্যা ও নিষ্পত্তি না করার কারণ | নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা | দাবীকৃত নম্বর |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) = (১)-(২) | (৪) | (৫)=(৪)/(২)*৬ |
| ১৭ | ১০ | ৭ (১টি আবেদন প্রত্যাহার করা হয়েছে এবং ৬টি আবেদনের বিপরীতে তথ্য প্রদানের সময়সীমা এখনো অতিক্রান্ত হয়নি) | ১০ | ৬ |

০৫/০৪/২০২৩
(টি, এম, রাশিদুল কবীর)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
প্রসেসিং পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

মোবাইল নম্বরঃ ০১৭১১১৫৭২৫৪

**সংযোজনী-১**

# ২০২২-২৩ অর্থ-বছরে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান কার্যক্রম

**দপ্তরঃ প্রসেসিং পরিদপ্তর ও বাপাউবো'র প্রধান কার্যালয়ের পক্ষে তথ্য প্রদান ইউনিট**

| ক্রঃ নং | তথ্য আবেদনকারী (নাম ও ঠিকানা) | তথ্য আবেদন প্রাপ্তির তারিখ | তথ্য সংশ্লিষ্ট ইউনিটে তথ্য চেয়ে পত্র প্রেরণের তারিখ | তথ্য প্রদানের তারিখ (টাকা জমা দেয়ার অনুরোধপত্র প্রেরণ) | তথ্য প্রদানযোগ্য না হলে তা আবেদনকারীকে অবহিতকরণের তারিখ | আপীল আবেদন প্রাপ্তির তারিখ (আপীল কর্তৃপক্ষের দপ্তরে) | আপীলের প্রেক্ষিতে তথ্য প্রদানের তারিখ | তথ্য কমিশনে অভিযোগ দায়ের এর তারিখ | সমনের তারিখ | তথ্য আবেদনের নিষ্পত্তির স্ট্যাটাস | সংগৃহীত তথ্য মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | এলিয় সরকার ব্যবস্থাপনা সম্পাদক, দৈনিক মাতৃভূমির খবর, ঠিকানা-২৫৯, আজমপুর সুপার মার্কেট, শাহ কবির মাজার, জামতলা, থানাঃ দক্ষিণখান, উত্তরা, জেলাঃ ঢাকা | ১০/০৮/২০২২ | ১১/০৮/২০২২ | ০৬/১০/২০২২ | - | - | - | - | - | নিষ্পত্তিকৃত। তথ্যমূল্য ৭৮/- জমা দিয়ে তথ্য সংগ্রহ করেননি। | - |
| ২ | | ১০/০৮/২০২২ | ১১/০৮/২০২২ | ০৬/১০/২০২২ | - | - | - | - | - | | - |
| ৩ | | ১০/০৮/২০২২ | ১১/০৮/২০২২ | ০৬/১০/২০২২ | - | - | - | - | - | | - |
| ৪ | | ১০/০৮/২০২২ | ১১/০৮/২০২২ | ০৬/১০/২০২২ | - | - | - | - | - | | - |
| ৫ | মোসাম্মৎ হাসনা বানু লিপি, উচ্চমান সহকারী, সহকারী পরিচালক (অঃদাঃ), প্রধান প্রকৌশরীর দপ্তর, রিভার ম্যানেজম্যান্ট, বাপাউবো, ঢাকা | ১৮/০৯/২০২২ | ২১/০৯/২০২২ | ২০/১১/২০২২ | - | - | - | - | - | নিষ্পত্তিকৃত। | ১২২/- |
| ৬ | এম. এন. আলী নাঈম সাংবাদিক, দৈনিক সোনালী খবর, ৬০/১, পুরানা পল্টন (৪র্থ তলা), ঢাকা-১০০০। | ১০/১০/২০২২ | ১৭/১০/২০২২ | ১৫/১২/২০২২ | - | - | - | - | - | নিষ্পত্তিকৃত। তথ্যমূল্য ৪/- জমা দিয়ে তথ্য সংগ্রহ করেননি। | |
| ৭ | জনাব হাবিবুর রহমান রাজ স্টাফ রিপোর্টার, এশিয়ান টিভি বাড়ি-৬০, রোড-১, ব্লক-এ, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২ | ১৫/১১/২০২২ | ১৫/১১/২০২২ | - | - | - | - | - | - | ০৫/১২/২০২২ তারিখে তথ্য আবেদনটি প্রত্যাহার করেছেন। | - |
| ৮ | সাংবাদিক মুজাহিদ মসি কমলাপুর, মনতলা, মাধবপুর, হবিগঞ্জ | ১৭/১১/২০২২ | ২৭/১১/২০২২ (মাঠ দপ্তরে সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটকে আবেদনকারীকে তথ্য প্রদানের জন্য অনুরোধ জানানো হয়) | S/১১/২০২২ (মাঠ মাঠ দপ্তরে সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিট হতে তথ্য প্রদান করা হয়) | - | - | - | - | - | নিষ্পত্তিকৃত। | - (ইমেইলে প্রেরিত) |

| ক্রঃ নং | তথ্য আবেদনকারী (নাম ও ঠিকানা) | তথ্য আবেদন প্রাপ্তির তারিখ | তথ্য সংশ্লিষ্ট ইউনিটে তথ্য চেয়ে পত্র প্রেরণের তারিখ | তথ্য প্রদানের তারিখ (টাকা জমা দেয়ার অনুরোধপত্র প্রেরণ) | তথ্য প্রদানযোগ্য না হলে তা আবেদনকারীকে অবহিতকরণের তারিখ | আপীল আবেদন প্রাপ্তির তারিখ (আপীল কর্তৃপক্ষের দপ্তরে) | আপীলের প্রেক্ষিতে তথ্য প্রদানের তারিখ | তথ্য কমিশনে অভিযোগ দায়ের এর তারিখ | সমনের তারিখ | তথ্য আবেদনের নিষ্পত্তির স্ট্যাটাস | সংগৃহীত তথ্য মূল্য (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ৯ | মোঃ রফিকুল ইসলাম মাসুদ স্টাফ রিপোর্টার, দৈনিক মুক্তখবর, দার-উস-সালাম ভবন (১০ম তলা), ১৪, পুরানা পল্টন, ঢাকা-১০০০। | ২৯/১১/২০২২ | ০৪/১২/২০২২ | ২০/১২/২০২২ | - | - | - | - | - | নিষ্পত্তিকৃত। | ৮/- |
| ১০ | জনাব কায়েস মন্ডল গ্রাম-খোদাবাগপুর, ওয়ার্ড-০৬, পোঃঅঃ-কোরকান্দী, উপজেলা-মধুখালী, জেলা- ফরিদপুর | ২৭/১২/২০২২ | ২৭/১২/২০২২ | ১৫/০১/২০২৩ | - | - | - | - | - | নিষ্পত্তিকৃত | ১২/- |
| ১১ | জনাব আবুল বাশার গ্রামঃ মিরপুর, পোস্টঃ মিরপুর, উপজেলাঃ বাঞ্ছারামপুর জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া | ২০/০২/২০২৩ | ২২/০২/২০২৩ (মাঠ দপ্তরে সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিটকে আবেদনকারীকে তথ্য প্রদানের জন্য অনুরোধ জানানো হয়) | ০৫/০৩/২০২৩ (মাঠ মাঠ দপ্তরে সংশ্লিষ্ট তথ্য প্রদান ইউনিট হতে তথ্য প্রদান করা হয়) | - | - | - | - | - | নিষ্পত্তিকৃত | - (ইমেইলে প্রেরিত) |
| ১২ | মোঃ হাসমত মিয়া (সাংবাদিক) এবং এম এন আলী নাইম (সাংবাদিক) দৈনিক সোনালী খবর, ৬০/১ পুরাণা পল্টন (৪র্থ তলা), ঢাকা-১০০০ | ২২/০৩/২০২৩ | ২৩/০৩/২০২৩ | - | - | - | - | - | - | | |
| ১৩ | | ২২/০৩/২০২৩ | ২৩/০৩/২০২৩ | - | - | - | - | - | - | | |
| ১৪ | | ২২/০৩/২০২৩ | ২৩/০৩/২০২৩ | - | - | - | - | - | - | | |
| ১৫ | | ২২/০৩/২০২৩ | ২৩/০৩/২০২৩ | - | - | - | - | - | - | | |
| ১৬ | | ২২/০৩/২০২৩ | ২৩/০৩/২০২৩ | - | - | - | - | - | - | | |
| ১৭ | | ২২/০৩/২০২৩ | ২৩/০৩/২০২৩ | - | - | - | - | - | - | | |

০১/০৭/২০২২ হতে ৩১/০৩/২০২৩ পর্যন্ত সময়কালে নির্ধারিত ফরম্যাটে প্রাপ্ত তথ্য আবেদন সংখ্যা- ১৭টি

প্রত্যাহারকৃত তথ্য আবেদন সংখ্যা- ১টি

তথ্য সরবরাহের মাধ্যমে নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা- ১০টি

বিধি মোতাবেক অনুরোধকৃত তথ্য সরবরাহ না করে নিষ্পত্তিকৃত আবেদন সংখ্যা- নাই

তথ্য আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত সময়ে তথ্য প্রদান প্রক্রিয়াধীন- ৬টি

এমতাবস্থায়, ২০২২-২৩ অর্থ-বছরের ৩য় কোয়ার্টার পর্যন্ত তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদানকৃত- ১০০%।

০৫/০৪/২৩
(সৌরভ কুমার দাস)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চলতি দায়িত্ব)

০৫/০৪/২০২৩
(টি, এম, রাশিদুল কবীর)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
প্রসেসিং পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং পরিদপ্তর

২০২২-২৩ অর্থ-বছরে বাপাউবো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অর্ধবার্ষিকি অগ্রগতি মূল্যায়ন ও ফিডব্যাক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুর রহমান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৮ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | দুপুর ০২:৩০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, পানি ভবন (লেভেল-৫), বাপাউবো, ঢাকা। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ বাস্তবায়নের স্বার্থে গত ১৮ জানুয়ারি, ২০২৩ তারিখে দুপুর ০২:৩০ ঘটিকায় মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সভাপতিত্বে পানি ভবনস্থ লেভেল-৫ সম্মেলন কক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন ৯টি জোন ও ৮টি বৈদেশিক সহায়তা/ বিশেষ প্রকল্পের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অর্ধবার্ষিকি অগ্রগতি মূল্যায়ন ও ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়। সভায় বাপাউবো'র অতিরিক্ত মহাপরিচালকগণ, জোন পর্যায়ের প্রধান প্রকৌশলীগণ, বাপাউবো'র স্বতন্ত্র প্রকল্পসমূহের পুর্নকালীন প্রকল্প পরিচালকগণ, বাপাউবো'র এপিএ এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সহ বাপাউবো'র সদর দপ্তরের এপিএ কার্যক্রমের সাথে যুক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়াও, বাপাউবো'র মাঠপর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীগন অনলাইনে ZOOM এ্যাপস এর মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাপাউবো'র এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপস্থাপনার প্রেক্ষিতে সভায় সংস্থা পর্যায়ে ও জোন পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ম্যান্ডেট অনুযায়ী নির্ধারিত কর্মসম্পাদন ক্ষেত্রসমূহে কর্মসম্পাদন সূচকসমূহের সংস্থা ও মাঠপর্যায়ে যুগপৎ অর্জন হয় বিধায় অর্থ-বছর শেষে উক্ত সূচকসমূহে লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন হবে বলে সভাপতি আশা প্রকাশ করেন। সভায় সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের নিকট হতে সদর দপ্তর ও মাঠ দপ্তরের অগ্রগতি সম্পর্কে সভাপতি জানতে চান। সভায় কম অগ্রগতি সম্পন্ন কর্মসম্পাদন সূচকসমূহের অগ্রগতি তরান্বিতকরণ ও কর্মপরিকল্পনাসমূহের সময়াবদ্ধ বিবিধ কার্যক্রমের বাস্তবায়ন বিষয়ে সভাপতি প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।

০৩। বাপাউবো'র মাঠ পর্যায়ের এপিএ ২য় কোয়ার্টার পর্যালোচনান্তে সভাপতি নিম্নোক্ত ফিডব্যাক প্রদান করেন।

| ক্রমিক | জোনের নাম | প্রকল্পওয়ারী কর্মসম্পাদন সূচকের অর্জনের বিপরীতে প্রদত্ত ফিডব্যাক |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১ | কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা | • পানি নিয়ন্ত্রণ কাঠামো নির্মাণ, ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন ও নদী তীর সংরক্ষণ কাজের লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। কাজের গতি ত্বরান্বিত করতে হবে।<br>• সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন কার্যক্রমের অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি বাপাউবো'র ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করা হয়নি। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। প্রতি কোয়ার্টারের অগ্রগতি নির্ধারিত সময়ে ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>• জোন ও তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |
| ২ | পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা | • নদী তীর সংরক্ষণ ও এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন কাজের লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। কাজের গতি ত্বরান্বিত করতে হবে।<br>• সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন কার্যক্রমের অন্তর্ভুক্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩, অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা ২০২২-২৩ এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি বাপাউবো'র ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করা হয়নি। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। প্রতি কোয়ার্টারের অগ্রগতি নির্ধারিত সময়ে ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>• জোন ও তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |
| ৩ | উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট | • বাঁধ পুনরাকৃতিকরণ/পুনর্নির্মাণ/মেরামত, নদী তীর সংরক্ষণ ও এক্সকাভেটরের মাধ্যমে নদী পুনঃখনন কাজের লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। বিশেষত মনু নদীর ভাঙ্গন হতে মৌলভীবাজার জেলা সদর, রাজনগর ও কুলাউড়া উপজেলা রক্ষা প্রকল্প কাজের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সন্তোষজনক নয়। লক্ষ্যমাত্রা অর্জনে কাজের গতি ত্বরান্বিত করতে হবে।<br>• জোন ও তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ৪ | দক্ষিণ-পূর্বাঞ্চল,<br>বাপাউবো, চট্টগ্রাম | • নদী তীর সংরক্ষণ কাজের গতি ত্বরান্বিত করতে হবে। অর্থ-বছরের শুরুতে প্রদত্ত লক্ষ্যমাত্রার বিপরীতে নির্ধারিত সময়ে অর্জন সম্পন্ন করতে হবে। মাঠপর্যায়ে নিয়মিত মনিটরিং বৃদ্ধি করতে হবে। চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্পের আওতায় গৃহিত কাজের গতি ত্বরান্বিত করতে হবে।<br>• সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন কার্যক্রমের অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি বাপাউবো'র ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করা হয়নি। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। প্রতি কোয়ার্টারের অগ্রগতি নির্ধারিত সময়ে ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>• জোন ও তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |
| ৫ | উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর | • বাঁধ পুনরাকৃতিকরণ/পুনর্নির্মাণ/মেরামত ও নদী তীর সংরক্ষণ কাজের গতি ত্বরান্বিত করতে হবে। অর্থ-বছরের শুরুতে প্রদত্ত লক্ষ্যমাত্রার বিপরীতে নির্ধারিত সময়ে অর্জন সম্পন্ন করতে হবে। মাঠ পর্যায়ে নিয়মিত মনিটরিং বৃদ্ধি করতে হবে।<br>• সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। প্রতি কোয়ার্টারের অগ্রগতি নির্ধারিত সময়ে ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>• জোন ও তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |
| ৬ | উত্তর-পশ্চিমাঞ্চল,<br>বাপাউবো, রাজশাহী | • বাঁধ পুনরাকৃতিকরণ/পুনর্নির্মাণ/মেরামত কাজের গতি ত্বরান্বিত করতে হবে। অর্থ-বছরের শুরুতে প্রদত্ত লক্ষ্যমাত্রার বিপরীতে নির্ধারিত সময়ে অর্জন সম্পন্ন করতে হবে।<br>• সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন কার্যক্রমের অন্তর্ভুক্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি বাপাউবো'র ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করা হয়নি। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। প্রতি কোয়ার্টারের অগ্রগতি নির্ধারিত সময়ে ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>• জোন ও তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ৭ | পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর | • নিষ্কাশন খাল পুনঃখনন, ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন ও বাঁধ পুনরাকৃতিকরণ/পুনর্নির্মাণ/মেরামত কাজের লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। বিশেষতঃ পশ্চিম গোপালগঞ্জ সমন্বিত পানি ব্যবস্থাপনা প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় গৃহিত কাজের গতি ত্বরান্বিত করতে হবে।<br>• সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন কার্যক্রমের অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি বাপাউবো'র ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করা হয়নি। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুসারে প্রমাণক প্রস্তুত করতে হবে। প্রতি কোয়ার্টারের অগ্রগতি নির্ধারিত সময়ে ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>• তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |
| ৮ | দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল | • নদী তীর সংরক্ষণ কাজের লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। বরগুনা জেলার অধীন পোল্ডার ৪৩/১ ও ৪৪বি পুনর্বাসন এবং ঝুঁকিপূর্ণ অংশ পায়রা নদীর ভাঙ্গন হতে প্রতিরক্ষা প্রকল্প এর দরপত্র সংক্রান্ত কাজ দ্রুততর সময়ে সম্পন্ন করে নদী তীর সংরক্ষণ কাজের ঠিকাদার মোবিলাইজেশন করতে হবে।<br>• সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন কার্যক্রমের অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি বাপাউবো'র ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করা হয়নি। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। প্রতি কোয়ার্টারের অগ্রগতি নির্ধারিত সময়ে ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>• জোন ও তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ৯ | দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা | • নদী তীর সংরক্ষণ কাজের লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। সাতক্ষীরা জেলার পোল্ডার নং-১৫ পুনর্বাসন প্রকল্প এর নদী তীর সংরক্ষণ কাজের ঠিকাদার দ্রুততর সময়ে মোবিলাইজেশন করতে হবে।<br>• সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন কার্যক্রমের অন্তর্ভুক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টারের অগ্রগতি বাপাউবো'র ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করা হয়নি। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রভুক্ত কর্মপরিকল্পনাসমূহের বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। প্রতি কোয়ার্টারের অগ্রগতি নির্ধারিত সময়ে ফোকাল পয়েন্ট দপ্তরে প্রেরণ করতে হবে।<br>• জোন ও তার আওতাধীন দপ্তরসমূহের নিজ নিজ ওয়েবসাইটের বিভিন্ন তথ্য এবং সেবাবক্স হালনাগাদ করতে হবে।<br>• ৪র্থ কোয়ার্টার নাগাদ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং এর প্রমাণক ও স্থিরচিত্র এখন থেকেই সংরক্ষণ করতে হবে। |

বাপাউবো'র মাঠ পর্যায়ের এপিএ ২য় কোয়ার্টার পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা শেষে সভাপতি স্বতন্ত্র প্রকল্পসমূহের নিম্নোক্ত ফিডব্যাক প্রদান করেন।

| ক্রমিক | প্রকল্পের নাম | প্রকল্পওয়ারী কর্মসম্পাদন সূচকের অর্জনের বিপরীতে প্রদত্ত ফিডব্যাক |
|---|---|---|
| ১ | Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) in Satkhira, Khulna, Bagerhat, Pirojpur, Barguna & Patuakhali District (২য় সংশোধিত) | • উপকূলীয় বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত/উচুঁকরণ, উপকূলীয় বাঁধের ঢাল প্রতিরক্ষা, নিস্কাশন খাল খনন/পুনঃখনন, নিস্কাশন কাঠামো নির্মাণ, নিস্কাশন কাঠামো পুনঃনির্মাণ/মেরামত/পুনর্বাসন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে গতিসঞ্চার করতে হবে এবং মে, ২০২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>• অর্জনের প্রমাণক ও স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে। |
| ২ | South-West Area Integrated Water Resources Planning & Management Project (Phase-2) (১ম সংশোধিত) | • নিস্কাশন খাল খনন/পুনঃখনন, নিস্কাশন কাঠামো নির্মাণ, নিস্কাশন কাঠামো পুনঃনির্মাণ/মেরামত/পুনর্বাসন, সেচ কাঠামো নির্মাণ, সেচ কাঠামো পুনঃনির্মাণ/মেরামত/ পুনর্বাসন, নদী তীর সংরক্ষন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে গতিসঞ্চার করতে হবে এবং এপ্রিল, ২০২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>• অর্জনের প্রমাণক ও স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে। |
| ৩ | Haor Flood Management and Livelihood Improvement Project (BWDB Part) (২য় সংশোধিত) | • বাঁধ নির্মাণ ও বাঁধ পুনরাকৃতিকরণ/পুনর্নির্মাণ/মেরামত , সেচ কাঠামো পুনঃনির্মাণ/মেরামত/পুনর্বাসন, নিস্কাশন কাঠামো নির্মাণ সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে গতিসঞ্চার করতে হবে এবং এপ্রিল, ২০২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>• অর্জনের প্রমাণক ও স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ৪ | চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ) | • প্রকল্প এলাকায় পানি নেমে যাওয়ার পর দ্রুততম সময়ে বাঁধ পুনরাকৃতিকরণ/পুনর্নির্মাণ/মেরামত ও নিস্কাশন কাঠামো পুনঃনির্মাণ কাজ শুরু করতে হবে এবং এপ্রিল, ২০২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br>• অর্জনের প্রমাণক ও স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে। |
| ৫ | দূর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ প্রকল্প (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ) | • দরপত্র সংক্রান্ত কাজ দ্রুততর সময়ে সম্পন্ন করে নদী পুনঃখনন ও নদী তীর সংরক্ষণ কাজের ঠিকাদার মোবিলাইজেশন করতে হবে।<br>• অর্জনের প্রমাণক ও স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে। |
| ৬ | Flood and Riverbank Erosion Risk Management Investment Program (FRERMIP)-Project-2 | • দরপত্র সংক্রান্ত কাজ দ্রুততর সময়ে সম্পন্ন করে বাঁধ পুনরাকৃতিকরণ/পুনর্নির্মাণ/মেরামত কাজের ঠিকাদার মোবিলাইজেশন করতে হবে। লক্ষমাত্রা অর্জন করতে হবে। অর্জনের প্রমাণক ও স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে। |
| ৭ | সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (ফেজ-২) (১ম সংশোধিত) | • নদী তীর সংরক্ষণ কাজের গতি ত্বরান্বিত করতে হবে। লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>• অর্জনের প্রমাণক ও স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে। |
| ৮ | ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়) (২য় সংশোধিত) | • ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন এর লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।<br>• অর্জনের প্রমাণক ও স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে। |

০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | ক) ২০২২-২৩ অর্থ-বছরের এপিএ এর সংস্থা পর্যায়ে এবং মাঠ দপ্তর পর্যায়ে ম্যান্ডেট অনুযায়ী নির্ধারিত কর্মসম্পাদন ক্ষেত্রসমূহে (মান ৭০) নির্ধারিত কর্মসম্পাদন সূচকসমূহের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।<br>খ) প্রকল্পভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে কর্মসম্পাদন সূচকসমূহের অর্থবার্ষিকি অর্জন সংশ্লিষ্ট সকল দপ্তরসমূহকে অবহিত করতে হবে এবং কম অগ্রগতি সম্পন্ন কর্মসম্পাদন সূচকসমূহের অগ্রগতি নিবিড় মনিটরিং করতে হবে।<br>গ) মন্ত্রিপরিষদ বিভাগ নির্দেশিত উপায়ে সম্পাদিত কাজের প্রমাণক সংরক্ষনের জন্য প্রকল্পের PSC/ PIC সভার কার্যবিবরণীতে লক্ষমাত্রা অর্জনের সুস্পস্ট উল্লেখ থাকতে হবে। | ক,গ) প্রধান প্রকৌশলী (সকল জোন/ পানি বিজ্ঞান/ পরিকল্পনা)/ প্রকল্প পরিচালক (সকল)<br>খ) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ |

| | | |
|---|---|---|
| ২ | ক) ২০২২-২৩ অর্থ-বছরের এপিএ এর সংস্থা পর্যায়ে সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মান ৩০) এর আওতাভুক্ত ৫টি কর্মপরিকল্পনা (NIS, GRS, RTI, Citizen Charter & e-Governance) লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে এবং যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>খ) এ সকল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ মন্ত্রণালয় ও বোর্ড পর্যায়ে স্বীয় কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট সভাসমূহে আমন্ত্রিত হলে আবশ্যিকভাবে তাতে অংশগ্রহণ করবেন।<br>গ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ কর্মপরিকল্পনাভুক্ত কর্মসম্পাদন সূচকসমূহের অর্জনের প্রমাণক সংরক্ষণের জন্য উদ্যোগী ভূমিকা পালন করবেন।<br>ঘ) ওয়েবসাইটে সংশ্লিষ্ট সেবাবক্স নিয়মিত হালনাগাদ রাখা নিশ্চিত করবেন। নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ উর্ধ্বতন কর্তৃপক্ষ (মন্ত্রণালয়) এর নিকট প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করবেন।<br>ঙ) স্বীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে কোন জটিলতা দেখা দিলে কর্মপরিকল্পনার বাস্তবায়ন সংশ্লিষ্ট দপ্তরসমূহকে নিয়ে বাপাউবো'র এপিএ টিম লিডারের (প্রধান প্রকৌশলী, মনিটরিং) সভাপতিত্বে সভা করে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ জটিলতা নিরসন করবেন।<br>চ) ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ জোন, সার্কেল ও বিভাগ পর্যায়ে স্বীয় কর্মপরিকল্পনার বাস্তবায়ন স্বপ্রণোদিতভাবে পরিবীক্ষণ করবেন এবং তার শতভাগ বাস্তবায়নে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন। | ক-চ) সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহের সাথে যুক্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ |
| ৩ | তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম "[১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ" সর্বতোভাবে বাস্তবায়নের স্বার্থে কেন্দ্রীয় সকল দপ্তরের (১২টি উইং প্রধান দপ্তর ও তার আওতাধীন দপ্তরসমূহ) তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ গত ৩১/১২/২০২২ তারিখে তৈরী বা হালনাগাদ করা হয়। এতদবিষয়ক প্রমাণক ৩য় কোয়ার্টারে পানি সম্পদ মন্ত্রণালয়ে দাখিল করা হবে। সভাপতি মাঠ দপ্তরসমূহের এপিএ বাস্তবায়নের জন্য মাঠ দপ্তরসমূহেও কর্মসম্পাদন সূচকটির শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | প্রধান প্রকৌশলী (সকল জোন ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার |
| ৪ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম "[১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি" এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের স্বার্থে ঢাকাস্থ কেন্দ্রীয় সকল দপ্তরে ই-নথির ব্যবহার বাড়াতে হবে। | ঢাকাস্থ কেন্দ্রীয় সকল দপ্তর প্রধানগণ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর |
| ৫ | "নদ-নদীর ক্রস সেকশন জরীপকরণ" সূচকের আওতায় বিগত বছরসমূহের গতানুগতিক বরাদ্দ বিবেচনায় এ বছর ৫০০টি ক্রস-সেকশন জরীপের লক্ষ্যমাত্রা থাকলেও জরিপ খাতে বরাদ্দ অপ্রতুলতার কারণে প্রাপ্ত বরাদ্দ দ্বারা ৩১৫টি ক্রস-সেকশনে জরীপ করা সম্ভব হবে এবং তা সম্পাদনের জন্য দরপত্র আহবান করা হয়েছে। এমতাবস্থায়, ৬০% লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ব্যয় সাশ্রয়ীভাবে আরো ৮৫টি ক্রস সেকশনে জরীপ কাজ সম্পাদনের অনুমতি প্রাপ্তির জন্য প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান বোর্ডে নোটশীট প্রস্তাব দাখিল করবেন। একইসাথে, পরিবর্তিত পরিস্থিতিতে এই সূচকের জন্য বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করতঃ লক্ষ্যমাত্রা সংশোধনের জন্য প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত বিস্তারিত প্রতিবেদন এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। | প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ। |

| | | |
|---|---|---|
| ৬ | সরাসরি নিয়োগযোগ্য শুন্যপদের বিপরীতে নিয়োগ প্রদান শীর্ষক সূচকে ৫০% তথা ২৭৭টি পদে নিয়োগ প্রদানের লক্ষ্যমাত্রা থাকলেও বর্তমান বাজেট বরাদ্দে সর্বোচ্চ ১১২টি'র পদে নিয়োগ প্রদান সম্ভবপর হবে। এমতাবস্থায়, পরিবর্তিত পরিস্থিতিতে এই সূচকের জন্য বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করতঃ লক্ষ্যমাত্রা সংশোধনের জন্য প্রস্তাব পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত বিস্তারিত প্রতিবেদন এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ। |
| ৭ | জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) এর অর্থায়নে ৪টি প্রকল্প সমাপ্তির লক্ষ্যমাত্রা রয়েছে।<br>ক) ডিসেম্বর, ২০২২ এ সমাপ্ত "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কচা নদীর ভাঙ্গন হতে ভান্ডারিয়া উপজেলাধীন নদমূল্লা শিয়ালকাঠী ইউনিয়নের চরখালী নদমুল্লা এলাকা সংরক্ষণ প্রকল্প (১ম পর্যায়)" ও "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় কচাঁ নদীর ভাঙ্গন হতে ভান্ডারিয়া উপজেলাধীন তেলিখালী ইউনিয়নের হরিণপালা হামিদ চৌকিদারের বাড়ি-পোনা নদীর মোহনা থেকে হরিণপালা রিভারভিউ ইকোপার্ক হয়ে আবাসন সংলগ্ন পদ্মার খালের মোহনা পর্যন্তসংরক্ষণ বাঁধ নির্মাণ প্রকল্প" এ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ফ্রেবুয়ারী, ২০২৩ এর মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সিলেট সদর উপজেলার সিলেট শহরের কানিশাইল ছড়ার মুখে সুরমা নদীর চর খনন ও কানিশাইল ছড়ার স্লোপ সংরক্ষণ প্রকল্প " ও "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় সিলেট জেলার দক্ষিন সুরমা উপজেলরার পশ্চিমভাগ (নোয়াগাও) এলাকা সুরমা নদীর ভাঙ্গন হতে সংরক্ষণ এবং গোলাপগঞ্জ উপজেলার মীরগঞ্জ বাজার এলাকা কুশিয়ারা নদীর ভাঙ্গন হতে সংরক্ষণ প্রকল্প" জুন, ২০২৩ এর মধ্যে সমাপ্ত করার জন্য মেয়াদ বৃদ্ধি ও অর্থছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক। |

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুর রহমান
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১২.০৫.০০১.১৯.৮

তারিখ: ১০ মাঘ ১৪২৯
২৪ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) অতিরিক্ত মহাপরিচালক(অর্থ) (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৬) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তরাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/ কুমিল্লা/ সিলেট/ চট্টগ্রাম/ রংপুর/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল।

৯) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১১) প্রকল্প পরিচালক, CEIP-1/South-West AF/ HFMLIP/ DRMEP/ CDSP-AF/ FRERMIP-2/ সীমান্ত নদী/ ৬৪ জেলায় খাল পুনঃখনন, বাপাউবো, ঢাকা।

১২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো

১৩) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৪) পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৫) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৬) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ( ওয়েবসাইটে প্রকাশের জন্য)

১৭) নির্বাহী প্রকৌশলী, সকল পওর ও পানি উন্নয়ন বিভাগ

১৮) সিস্টেম এনালিস্ট, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

টি. এম. রাশিদুল কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

সংযোজনী-৩

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রসেসিং পরিদপ্তর
পানি ভবন (কক্ষ নং- ৬০৯-১০, লেভেল-৬, ব্লক-এফ),
৭২, গ্রীণ রোড, ঢাকা।
দূরালাপনীঃ ০২-২২২২-৩০১০৮
ই-মেইল: dir.processing@bwdb.gov.bd
ওয়েব ঠিকানা: বাপাউবো.বাংলা

Processing Directorate
Pani Bhaban (Room-609-10, Level-6, Block-F),
72, Green Road, Dhaka.
Phone: 02-2222-30108
E-mail: dir.processing.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০১২.০৮.০০১.২০-৮২ তারিখ ঃ ২২/০২/২০২৩ ইং

## মত বিনিময় সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এতদসংশ্লিষ্ট বিধি-বিধান, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর ও মাঠ দপ্তরে কর্মরত প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পূর্ণকালীন প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণের সাথে বাপাউবো'র এপিএ টীম লিডার প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এঁর সভাপতিত্বে আগামী ২৩/০২/২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার দুপুর ১:৩০ ঘটিকায় পানি ভবনস্থ লেভেল-৫ সম্মেলনকক্ষে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হবে। সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

২২/০২/২০২৩
(টি, এম, রাশিদুল কবীর)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
ও
প্রধান কার্যালয়ের পক্ষে
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

১। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।
২। প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ বরিশাল/ ফরিদপুর/ খুলনা/ রাজশাহী/ রংপুর।
৩। প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা/ পরিকল্পনা/ পানি বিজ্ঞান/ পওর/ প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন/ রিভার ম্যানেজমেন্ট/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ/ ড্যাম এন্ড ব্যারেজ/ পিএমইউ ক্লাস্টার, বাপাউবো, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক (ঢাকাস্থ সকল), বাপাউবো।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ঢাকাস্থ সকল), বাপাউবো।
৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। পরিচালক (ঢাকাস্থ সকল), বাপাউবো ।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (যথাসময়ে সভাকক্ষ প্রস্তুত রাখার অনুরোধ সহ)

**তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এতদসংশ্লিষ্ট বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে বাপাউবো'র জোনাল দপ্তরসমূহ এবং বাপাউবো'র ঢাকাস্থ বিভিন্ন দপ্তরের সাথে মতবিনিময় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ রফিকুল ইসলাম চৌবে, প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো |
| তারিখ | : | ২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ |
| বার ও সময় | : | রোজ বৃহস্পতিবার, দুপুর ১:৩০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, লেভেল-৫, পানি ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা। |

সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জোনাল দপ্তরসমূহ হতে প্রধান প্রকৌশলীবৃন্দ এবং আমন্ত্রিত ঢাকাস্থ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত হলো।

২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে মত বিনিময় সভার কাজ আরম্ভ করেন।

২.১। সভাপতি বলেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার একটি অবিচ্ছেদ্য অংশ। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের জন্য বিধান করবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার "তথ্য অধিকার আইন, ২০০৯" প্রণয়ন করে। সরকারি, বেসরকারি সকল সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে এই আইনটি প্রণীত হয়েছে। "তথ্য অধিকার আইন, ২০০৯" সুচারুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ের পক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে "তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা" নিযুক্ত রয়েছেন বলেও সভাপতি উল্লেখ করেন। জনগণের সাথে সরকারি সংস্থাসমূহের যোগাযোগের অন্যতম মাধ্যম হিসেবে, বিভ্রান্তিমূলক তথ্যের প্রচার রোধ এবং জনসাধারণের চাহিত তথ্যাদির বিপরীতে মূল্য প্রদান সাপেক্ষে প্রদানযোগ্য তথ্য প্রদানের মাধ্যমে যেমন সংস্থার কাজ বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়, তেমনি সরকারও রাজস্ব লাভ করে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ে ও জেলা পর্যায়ে নিযুক্ত তথ্য প্রদান ইউনিটসমূহের মাধ্যমে "তথ্য অধিকার আইন, ২০০৯" অনুসরণ করে জনগণকে তথ্য প্রদান সম্ভব হলেও মাঠ পর্যায়ে কাজের ধরণে ভিন্নতা ও জনবল স্বল্পতার জন্য মাঠ দপ্তরসমূহ আইনটি বাস্তবায়নে স্বয়ংসম্পূর্ণ নয়। এছাড়াও, বাপাউবো'র মাঠ পর্যায়ে এই আইন বিষয়ে পরিষ্কার ধারণা না থাকায় ক্ষেত্রবিশেষে সমস্যা তৈরি হচ্ছে। উপরন্তু, ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার আইন সম্পর্কিত সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংস্থার সদর দপ্তর হ জোন, সার্কেল ও বিভাগ পর্যায়ে এপিএ স্বাক্ষরকারী সকল দপ্তরই দায়বদ্ধ। এসবেরই পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার আইন, ২০০৯ এবং এতদসংশ্লিষ্ট বিধি-বিধান সম্পর্কে সংস্থায় নিজেদের মধ্যে জনসচেতনতা বৃদ্ধিকল্পে আজকের এই মতবিনিময় সভার আয়োজন। এ পর্যায়ে সভাপতি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তরকে তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে উপস্থাপনা পরিবেশনের জন্য অনুরোধ জানান।

২.২। সভাপতিকে ধন্যবাদ জানিয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তথ্য অধিকার আইন ও এতদসংক্রান্ত বিধি প্রবিধি উপস্থাপন করেন। তিনি প্রথমেই তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে তথ্যের সংজ্ঞা, স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য, প্রকাশ বাধ্যতামূলক নয় এরূপ তথ্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। বাপাউবো'র মাঠ পর্যায়ে যেহেতু জনসংশ্লিষ্টতা অনেক বেশি, সেহেতু জনগণের বিভিন্ন বিষয়ে চাহিত তথ্যাদি নির্ধারিত ফর্মে আবেদনের প্রেক্ষিতে প্রযোজ্য মূল্য পরিশোধ সাপেক্ষে কোন কোন তথ্য প্রদান করা যাবে তাও বিস্তারিত আলোচনা করেন। প্রদানকৃত তথ্যের ব্যাপারে আবেদনকারী যদি সন্তুষ্ট না হন তবে কিভাবে আপীল করবেন বা চাহিত তথ্য প্রদান না করলে আবেদনকারী তথ্য কমিশনে নির্ধারিত ফর্মে কিভাবে অভিযোগ দাখিল করবেন তাও সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। তিনি বলেন যে, মাঠ পর্যায়ে কাজ

বাস্তবায়ন করতে গেলে প্রকল্প সুবিধাভোগী জনগণসহ গণমাধ্যম প্রতিনিধিরা বিভিন্ন সময় বাস্তবায়নাধীন কাজ সম্পর্কে তথ্য চাইতে পারেন। তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসরণ না করে সাধারণভাবে চাহিত তথ্যের ফটোকপি প্রদান করা সহজতর কাজ হলেও বর্তমান তথ্য-প্রযুক্তির যুগে অসৎ উদ্দেশ্য হাসিলের জন্য কোন পক্ষ তথ্যের ছবি তুলে তা বিকৃত করে জনমানসে বিরূপ দৃষ্টিভঙ্গির জন্ম দিতে পারে। এমতাবস্থায়, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অবাধ তথ্যের বিস্তৃতি ক্ষেত্রবিশেষে জনগণের মাঝে যাতে বিভ্রান্তি সৃষ্টি না করে, সে ক্ষেত্রেও তথ্য অধিকার আইন ২০০৯ একটি রক্ষাকবচ হিসেবে কাজ করবে বলে উল্লেখ করেন। তথ্য অধিকার আইন, ২০০৯ এর গুরুত্ব এবং এর বিভিন্ন বিধিমালা যেমন- তথ্য প্রাপ্তি সংক্রান্ত বিধিমালা, ২০০৯; তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা প্রবিধিমালা, ২০১০; তথ্য প্রকাশ ও প্রচার প্রবিধানমালা, ২০১১ সম্পর্কেও আলোচনা করেন। চলতি অর্থ-বছরে প্রকাশিত বাপাউবোর স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা- ২০২২ সম্পর্কেও তিনি উপস্থিত সকলকে অবহিত করেন। এছাড়াও, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনাভুক্ত বিভিন্ন কর্মসম্পাদন সূচক সকলকে অবহিত করেন এবং সে অনুযায়ী মাঠ পর্যায়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার অনুরোধ জানান।

২.৩। সভায় উপস্থিত বাপাউবোর জোনাল দপ্তরসমূহের প্রধান প্রকৌশলীবৃন্দ জানান যে, আলোচ্য সভার মাধ্যমে তথ্য অধিকার আইন ২০০৯ এর গুরুত্ব সম্পর্কে আরো ভালোভাবে বুঝতে সমর্থ হয়েছেন এবং মাঠপর্যায়ে এর বাস্তবায়ন বিষয়ে আরো সচেতন হবার অঙ্গীকার ব্যক্ত করেন। এছাড়াও বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনাভুক্ত বিভিন্ন কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়েও তারা গুরুত্ব প্রদান করবেন বলে মত প্রদান করেন।

৩। বিস্তারিত আলোচনা শেষে সভায় সভাপতি সুবিবেচনাপ্রসূত নিম্নোক্ত সুপারিশসমূহ উপস্থাপন করেনঃ

ক) তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে উর্ধ্বতন দপ্তরের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে প্রকল্প পরিদর্শনকালে সভা, কর্মশালা আয়োজন এবং লিফলেট প্রদান করতে পারেন, যেন কাজ বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রকল্প সুবিধাভোগী জনগণের নিকট সুস্পষ্ট প্রতীয়মান হয়।

খ) জেলা তথ্য বাতায়ন ও উহাতে তথ্য প্রদান সেবাবক্স হালনাগাদ রাখতে হবে।

গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনাভুক্ত বিভিন্ন কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

ঘ) মাঠ পর্যায়ে কাজের সাইটে কার্যাদেশে লিপিবদ্ধ তথ্য সম্বলিত সাইনবোর্ড স্থাপন নিশ্চিত করতে হবে।

৪। সকলে স্বতস্ফূর্তভাবে মতামত প্রকাশ করায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মতবিনিময় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১২/২০২২

**(মোঃ রফিকুল ইসলাম চৌবে)**
প্রধান প্রকৌশলী (পুর)
মনিটরিং
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০১২.০৮.০০১.২০-৯৬ তারিখ ঃ ২৭/০২/২০২৩ ইং

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ

১। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।

২। প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ কুমিল্লা/ বরিশাল/ ফরিদপুর/ খুলনা/ রাজশাহী/ রংপুর।

৩। প্রধান/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নকশা ও গবেষণা/ পরিকল্পনা/ পানি বিজ্ঞান/ পওর/ প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন/ রিভার ম্যানেজমেন্ট/ আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ/ ড্যাম এন্ড ব্যারেজ/ পিএমইউ ক্লাস্টার, বাপাউবো, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক (ঢাকাস্থ সকল), বাপাউবো।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ঢাকাস্থ সকল), বাপাউবো।

৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৭। পরিচালক (ঢাকাস্থ সকল), বাপাউবো, ঢাকা।

৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২৭/০২/২০২৩

(টি, এম, রাশিদুল কবীর)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
প্রসেসিং পরিদপ্তর

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে মতবিনিময় সভা

তারিখঃ ২৩ ফেব্রুয়ারি, ২০২৩
সময়ঃ দুপুর ০১:৩০ ঘটিকা
স্থানঃ পানি ভবনস্থ লেভেল-৫ সম্মেলন কক্ষ।

| ক্রঃ নং | নাম ও পদবী | দপ্তর | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মো: মনিরুজ্জামান<br>প্রধান প্রকৌশলী | পূর্তবিভাগ, বাপাউবো, ঢাকা | 01720228360 | [signature] |
| ২। | শিবেন্দু খাস্তগীর<br>অতি: প্রধান প্রকৌশলী | দক্ষিণ-পূর্বাঞ্চল বাপাউবো, চট্টগ্রাম | 01716869871 | [signature] |
| ৩। | ড. কে. এম. আরিফুল ইসলাম<br>প্রধান প্রকৌশলী | কেন্দ্রীয় অঞ্চল বাপাউবো, ঢাকা | 01712121241 | [signature] |
| ৪। | মোঃ জহিরুল ইসলাম<br>প্রধান প্রকৌশলী | উত্তরাঞ্চল, বাপাউবো, রাজশাহী | 01711909189 | [signature] 23/2/23 |
| ৫। | মো: শাহজাহান সিরাজ<br>অতি: প্রধান প্রকৌশলী | পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর | 01712-807021 | [signature] 23/02/2023 |
| ৬। | মো: সফি-উদ্দিন<br>অতি: প্রধান প্রকৌশলী | বাপাউবো, খুলনা | 01711904700 | [signature] 23/2/23 |
| ৭। | মোঃ আব্দুল হালিম<br>অতি: প্রধান প্রকৌশলী | Hydrology | 01712101250 | [signature] 23/2/2023 |
| ৮। | সৈয়দ হাসান ইমাম<br>প্রধান প্রকৌশলী | [illegible] | 01720015004 | [signature] 23/02/23 |
| ৯। | মোঃ রফিউদ্দিন সামছুল হক<br>অতি: প্রধান প্রকৌশলী | প্রকল্প IMIP | 01711801417 | [signature] 23/2 |
| ১০। | সাঈদ আহমদ<br>অতি: প্রধান প্রকৌশলী | CDSP | 01718315010 | [signature] 23/02/2023 |
| ১১। | ড. শ্যামল চন্দ্র দাস,<br>অত: প্রধান প্রকৌ: (পরিকল্পনা) | Planning, BWDB | 01759693375 | [signature] |
| ১২। | তারিক আবদুল্লাহ আল ফারুক<br>অতি: প্রধান প্রকৌ: ও প্রকল্প পরিচালক | RSKW of 64 districts | 01819503926 | [signature] 23/02/2023 |
| ১৩। | এ.কে.এম. রফিকুল ইসলাম<br>অতি: প্রধান প্রকৌশলী | CSALOM Project | 01743918082 | [signature] 23.02.23 |
| ১৪। | নব কুমার চৌধুরী<br>প্রকল্প পরিচালক | সীমান্ত নদী তীর সং.প্রকল্প | 01742341809 | [signature] |
| ১৫। | মো: মাহবুবর রহমান<br>অতি: প্রধান প্রকৌশলী | উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর | 01712015219 | [signature] 23/2/23 |
| ১৬। | প্রকৌ: বিজয় কুমার মণ্ডল<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পরিকল্পনা-২ | 01911059497 | [signature] |
| ১৭। | ড. জীবন কুমার সরকার, পিইঞ্জ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ডিজাইন সার্কেল-৪ | 01711242087 | [signature] |

| ক্রঃ নং | নাম ও পদবী | দপ্তর | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৮। | মো: আবুল কালাম উপ-প্রঃ | পরিকল্পনা-৩ | 01782415545 | [illegible] |
| ১৯। | মো: সালাহ উদ্দিন আহমেদ সহকারী প্রকৌশলী | প্রধান প্রকৌ: দপ্তর, দক্ষিণাঞ্চল বরিশাল। | 01818-482648 | [illegible] |
| ২০। | মো: আবু বক্কর সিদ্দিক উপ: প্রকৌশলী | সিপিসি | 01318234606 | [illegible] |
| ২১। | মুহাম্মদ জাহাঙ্গীর আলম তত্ত্বাবধায়ক প্রকৌশলী | কার্যক্রম | 01713-173871 | [illegible] |
| ২২। | পি,এম, শহিদুল নবীর তত্ত্বাবধায়ক প্রকৌশলী | প্রসেসিং | 01711157254 | [illegible] |
| ২৩। | | | | |
| ২৪। | | | | |
| ২৫। | | | | |
| ২৬। | | | | |
| ২৭। | | | | |
| ২৮। | | | | |
| ২৯। | | | | |
| ৩০। | | | | |
| ৩১। | | | | |
| ৩২। | | | | |
| ৩৩। | | | | |
| ৩৪। | | | | |
| ৩৫। | | | | |
| ৩৬। | | | | |
| ৩৭। | | | | |

**তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ এর অংশ হিসেবে [১.৫.১] প্রচার কার্যক্রম সম্পন্নের প্রমানক**



# তথ্য অধিকার আইন-২০০৯ এর লক্ষ্যঃ

বাংলাদেশ সংবিধান অনুযায়ী নাগরিকদের তথ্য প্রাপ্তি, চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অধিকার নিশ্চিত

জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক, সে লক্ষ্যে নাগরিকদের ক্ষমতায়ন

দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারী, স্বায়ত্তশাসিত এবং বিদেশী অর্থে পরিচালিত বেসরকারী সংস্থার জবাবদিহি নিশ্চিত

# তথ্য প্রাপ্তির নিয়মঃ

- তথ্য অধিকার আইনে যে কোনো নাগরিক তথ্য প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে পারেন।
- আবেদনকারীর কাছে ২০-৩০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।
- আবেদনকারী যদি ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পায় বা প্রাপ্ত তথ্যে অসন্তুষ্ট হন, তাহলে পরবর্তী ৩০ দিনের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর নির্ধারিত ফরমে আপীল আবেদন করতে পারেন।
- আপীল দায়ের এবং গ্রহণের পরে ৩০ কর্মদিবসের মধ্যে সকল প্রক্রিয়া শেষ করে আবেদনকারীর কাছে তথ্য প্রদান করতে হবে।
- আপীল করে তথ্য না পেলে আবেদনকারী ৩০ দিনের মধ্যে নির্ধারিত ফরমে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারেন।
- যদি কোন ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রাথমিক আবেদন গ্রহণ না করে, সেক্ষেত্রে আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারেন।
- কোন তথ্য প্রদানযোগ্য না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ১০ কর্মদিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করবেন।

**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রধান কার্যালয়ের পক্ষে তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

ফোনঃ ০২-২২২২-৩০১০৮

**বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা**

নির্বাহী প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

ফোনঃ ০২-২২২২-৩০১০৯

**আপীল কর্তৃপক্ষ**

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

ফোনঃ ০২-২২২২-৩০০১০

**তথ্য অধিকার আইন ব্যবহার করে সমাজ-রাষ্ট্রে দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা ও জবাবদিহি প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।**


তুমি স্বাধীনতা,
তুমিই বাংলাদেশ
FLY THE FRIENDLY SKIES WITH US!
JAMUNA ELE


JAMUNA
spicejet




Mojo